গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

বিষয়ঃ ২০/০৭/২০১৬ খ্রিঃ তারিখে নিরাপত্তা সংক্রান্ত জরুরী সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

তারিখঃ ২০ জুলাই, ২০১৬ খ্রিঃ
সময়ঃ বিকাল ৪:০০ ঘটিকা
স্থানঃ সভাকক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক" সংযুক্ত আছে।

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে জরুরী সভার কাজ শুরু করেন। তিনি তাঁর বক্তব্যে সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে জঙ্গি হামলার প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান সমূহের সরকার ঘোষিত নির্দেশনা বাস্তবায়ন ও নিরাপত্তা বিধানের বিষয়ে মতামত আহবান করেন।

সভায় অধিদপ্তরের কর্মকর্তা ছাড়াও STEP এর প্রতিনিধি, 100 TS এর প্রকল্প পরিচালক উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন। অফিসের কর্মকর্তা/কর্মচারীগণের পরিচয়পত্র প্রদান, গেটে ভিজিটরদের প্রবেশের ক্ষেত্রে নিরাপত্তা বিধান, যানবাহন প্রবেশের ক্ষেত্রে চেকিংসহ অফিসের সার্বিক নিরাপত্তা জোরদার করণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সকলে একমত পোষণ করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

<u>সিদ্ধান্ত-১ ঃ</u> অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী, STEP এর সকল কর্মকর্তা/কর্মচারী, 100 TS এর সকল কর্মকর্তা/কর্মচারীর পরিচয়পত্র অতিদ্রুত অধিদপ্তরের আইসিটি সেলের সহযোগিতায় প্রস্তুত করে সকলে গেটে প্রদর্শন পূর্বক অফিসে প্রবেশ করবেন। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত-২ ঃ</u> প্রতিদিন ০৩ (তিন) বার (অফিসের শুরুতে, দুপুরে ও অফিস শেষ হওয়ার আগ মুহুর্তে) অফিস নিরাপত্তা যাচাই ও রেকর্ড কিপিং করতে হবে। প্রত্যহ অফিস শেষে এবং শিফট পরিবর্তনের সময় নিরাপত্তা যাচাই করে নিতে হবে। এ কার্য সম্পাদনের জন্য (ক) সহকারী পরিচালক জনাব মোহাম্মদ আব্দুল মতিন হাওলাদার, (খ) প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ মোস্তফা কামাল এবং (গ) ইলেকট্রিশিয়ান কাম পাম্প-অপারেটর জনাব মোঃ মুরাদ হোসেন রিটু কে তিন সদস্যের একটি নিরাপত্তা বিধান কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত-৩ ঃ</u> এ ভবনে স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP), 100 টি উপজেলায় ০১ টি করে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপন প্রকল্প (100 TSC) এবং বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ প্রকল্পের অফিস রয়েছে। স্ব-স্ব প্রকল্পের অফিসের নিরাপত্তা বিধানের ব্যবস্থা স্ব-স্ব অফিস কর্তৃক গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত-৪ ঃ</u> সকাল ৯:০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত লিফট খোলা থাকবে। লিফটের নিরাপত্তা বিধানসহ লিফট চালানোর জন্য STEP হতে ০১ (এক) জন লিফটম্যান নিয়োগ দেয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত-৫ ঃ</u> ছাদে, লিফট রুমে রাখা কাগজ-পত্রাদীসহ অকেজো মালামাল STEP প্রকল্পের দায়িত্বে নিরাপদ জায়গায় অথবা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত-৬ ঃ</u> ভবনের অন্যান্য জায়গায় রক্ষিত অকেজো মালামাল বেজমেন্টে নিয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ জানানো হয় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

অব্যাহত পাতা-২

**সিদ্ধান্ত-৭ ঃ** অধিদপ্তরের প্রবেশ গেট প্রবেশের সময় পর্যন্ত চেকিং এর ব্যবস্থা নিতে হবে। এ লক্ষ্যে নিরাপত্তা প্রহরীদের কে নিরাপত্তা পোষাক পরিধাণ করতে হবে। নিরাপত্তা বিধানের জন্য নিম্নলিখিত সরঞ্জামাদি STEP হতে সরবরাহ করা হবে এরুপ সম্মতি পাওয়ায় তা STEP হতে জরুরী ভিত্তিতে a. Swipe Machine, b. Car Checking Mirror, c. Archway, d. Metal Detector, e. Baggage Checking Machine, f. Intercom teliphone & g. Sound System for Conference Room সহ আনুষাংগীক প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত-৮ ঃ** STEP হতে ইতিপূর্বে আহবানকৃত OTM এর মাধ্যমে CC TV, Camera সহ নিরাপত্তা বিধানের সরঞ্জামাদি দ্রুত সময়ের মধ্যে প্রক্রিয়া সম্পাদনের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত-৯ ঃ** ৪র্থ শ্রেণীর মধ্যে হতে ০১ (এক) জন Watcher নিয়োগ দিতে হবে, অফিস সহায়কদের কে অফিস কক্ষের বাহিরে টুলে বসার ব্যবস্থা করতে হবে এবং নিরাপত্তায় আরো জনবল বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । মেইন গেটের চেকিং এর সময় আগন্তকের মোবাইল নম্বর চেক করে নিশ্চিত হওয়া সাপেক্ষে প্রবেশের অনুমতি দিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত-১০ ঃ** কারিগরি শিক্ষা অধিদপ্তর কে দুর্নীতিমূক্ত কার্যালয় ঘোষণার জন্য পত্র জারী করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(অশোক কুমার বিশ্বাস)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০০১.১৮.১৬৭.১৩.৫৯২-(১৪৫) তারিখঃ ২১/০৭/২০১৬

খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
{দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়}
২। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক (স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট/১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল স্থাপন প্রকল্প/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প), কারিগরি শিক্ষ অধিদপ্তর, ঢাকা।
৪। আঞ্চলিক পরিচালক, ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর অঞ্চল, ................................. ।
৫। অধ্যক্ষ, টিটিটিসি/ভিটিটিআই/পলিটেকনিক ইনস্টিটিউট/মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট/কম্পিউটার ইনস্টিটিউট/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/সার্ভে ইনস্টিটিউট/গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট/টেকনিক্যাল স্কুল ও কলেজ, ................................
৬। সহকারী পরিচালক (শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। সংযুক্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচারের জন্য)।
৮। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯। পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সংরক্ষণ নথি।

২২/০৭/১৬

(মোঃ আককাছ আলী সেখ)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।